**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
মহাব্যবস্থাপক (পূর্ব) এর দপ্তর
বাংলাদেশ রেলওয়ে
সিআরবি, চট্টগ্রাম-৪০০০।
www.railway.gov.bd

# প্রজ্ঞাপণ

নং- ৫৪.০১.১৫০০.১১৭.২২.০০১.২২-০৪

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০ / ০১ এপ্রিল ২০২৪ ।

**বিষয়: সরঞ্জাম বিভাগের ক্রয় কার্যক্রম তথা সরঞ্জাম ব্যবস্থাপনায় গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

সূত্র:
১। মহাপরিচালকের কার্যালয়ের (যন্ত্রকৌশল শাখা) পত্র নং মেক:/০৪-২০১৫/ই-টেন্ডারিং পদ্ধতি-১০৮, তারিখঃ ০৬ মার্চ ২০১৯।
২। মহাপরিচালকের কার্যালয়ের (যন্ত্রকৌশল শাখা) পত্র নং মেক:/১০-২০০৭/সিসিএস (অংশ-২)-৭৪২, তারিখঃ ১০ অক্টোবর ২০১৮।
৩। প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রকের আরপিও নং ২৪৭-সি (তারিখঃ ১৮ ডিসেম্বর ২০২৩), এবং আরপিও নং ২৪৯ (তারিখঃ ০১ মার্চ ২০২২) ।
৪। BRASS-II বাস্তবায়ন সংক্রান্ত স্মারক নং ৫৪.০১.১৫৪৩.৪৫২.০৭.০০১.২১-০১, তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০২১।
৫। ইনভেন্টরি কন্ট্রোল সেল (আইসিসি) এর স্মারক নং ৫৪.০১.১৫০০.৪৬৭.৪১.০০১.২১-০৫, তারিখ: ১১ জানুয়ারি ২০২২ ।
৬। সিওএস (পূর্ব) দপ্তরের স্মারক নং সিওএস/পার্চেজ পলিসি/২০০৪/পা-২, তারিখঃ ০৭ নভেম্বর ২০১৮।

২। বাংলাদেশ রেলওয়ের সরঞ্জাম বিভাগের ক্রয়/সংগ্রহ কার্যক্রম তথা সরঞ্জাম ব্যবস্থাপনায় গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের নিমিত্ত সূত্রোক্ত পত্রসমূহের মাধ্যমে সময়ে সময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া বাংলাদেশ রেলওয়েতে একটি স্মার্ট অত্যাধুনিক (state-of-the-art) ইনভেন্টরি এবং প্রকিউরমেন্ট সিস্টেম গড়ে তোলার লক্ষ্যে সম্প্রতি মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের সদয় অনুমোদনক্রমে প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক (সিসিএস), বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী কর্তৃক এ সংক্রান্ত কতিপয় রিভাইজড প্রসিডিউর অর্ডার (আরপিও) জারী করা হয়েছে এবং এ সকল আদেশ রেলওয়ের অফিসিয়াল ওয়েবসাইটের ইনভেন্টরি ও প্রকিউরমেন্ট পলিসি ট্যাবে আপলোডকৃত রয়েছে। উক্ত আরপিওসমূহের নির্দেশনার আলোকে ডিজেল/নন-ডিজেল ও মজুদী/অমজুদী সকল আইটেমের ইনভেন্টরি ব্যবস্থাপনা ওয়েববেইজড অনলাইন সফটওয়্যার BRASS++ এর মাধ্যমে রিয়্যালটাইমে সম্পাদনের উপোযোগী করে Bangladesh Railway Automated Support System (BRASS-I ও BRASS-II) সিস্টেম চালু/আপগ্রেড করা হয়েছে। পরিলক্ষিত হচ্ছে যে, মহাপরিচালক দপ্তরের সূত্রোক্ত পত্রের প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসৃত হচ্ছে না। এতে মাঠ পর্যায়ে সরঞ্জাম ব্যবস্থাপনায় নেতিবাচক প্রভাব পড়ছে এবং বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ রেলওয়ের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে।

৩। বর্ণিতাবস্থায়, সূত্রোক্ত পত্রসমূহের আলোকে বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের সকল দপ্তর/কারখানা/বিভাগ ও অধীন দপ্তরসমূহের প্রতি নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

**(ক) মজুদী আইটেমের ক্ষেত্রে,**

(১) অবিলম্বে, প্রত্যেক ডিডিওকে তার অধীন সকল চূড়ান্ত ভোক্তার (End User) জন্য বর্তমান এবং নিকট ভবিষ্যতের নিয়মিত প্রয়োজনীয়তা বিবেচনায় সকল মজুদী আইটেমের বার্ষিক/ দ্বি-মাসিক ইম্প্রেস্ট/ ইমারজেন্ট পরিমাণ BRASS-I/ BRASS-II সিস্টেমের Stocking Management মডিউলের মাধ্যমে অনলাইনে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের মঞ্জুরী গ্রহণ/ হালনাগাদ করতে হবে;

(২) ডিপো হতে মালামাল উত্তোলনের জন্য সাধারণ চাহিদাপত্র (Ordinary Requisition)/ ইম্প্রেস্ট চাহিদাপত্র (Imprest Requisition) অনলাইনে BRASS-I/ BRASS-II সিস্টেমের Requisition and Issue Management মডিউলের মাধ্যমে চাহিদাপত্র প্রস্তুতকরে তার প্রিন্ডেড হার্ডকপি স্বাক্ষর করে সংশ্লিষ্ট স্টকিং ডিপোতে প্রেরণ করতে হবে;

(৩) বিভাগীয় প্রধানের মঞ্জুরীর অতিরিক্ত মালামাল ডিপো হতে উত্তোলনের জন্য বিশেষ চাহিদাপত্র (Special Requisition) আরপিও ২৪৯ অনুযায়ী Requisition and Issue Management মডিউলের মাধ্যমে অনলাইনে বিভাগীয় প্রধানের অনুমোদনান্তে তার প্রিন্ডেড হার্ডকপি স্বাক্ষর করে সংশ্লিষ্ট স্টকিং ডিপোতে দাখিল করতে হবে;

(৪) মজুদী আইটেমের ক্ষেত্রে কোনক্রমেই অফলাইন চাহিদাপত্র (Offline Requisition) ক্রয়কারীর দপ্তর কর্তৃক গ্রহণযোগ্য বিবেচিত হবে না; এবং

(৫) ৩০ মে ২০২৪ তারিখের মধ্যে প্রত্যেক ডিডিওকে তার মজুদীকরণ মঞ্জুরী অনলাইনে হালনাগাদকরণের কার্যক্রম সম্পন্ন করতে হবে। এরপর হালনাগাদকরণ করা হয়নি এমন বর্তমান মজুদী আইটেম অমজুদী আইটেম হিসেবে গণ্য করা হবে। এই আইটেমের মজুদস্থিতি নিঃশেষ হয়ে গেলেও সরঞ্জাম বিভাগ তার জন্য কোন মজুদ পুনর্ভরণ (Stock Replenishment) করবে না।

**(খ) অমজুদী আইটেমের ক্ষেত্রে,**

(১) ভোক্তা সংশ্লিষ্ট ডিডিও এর স্বাক্ষর ও বিভাগীয় প্রধান বা যথাযথ কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষর ব্যতীত কোন চাহিদাপত্র ক্রয় দপ্তরে বৈধ (Valid) বলে বিবেচিত হবে না;

(২) চাহিদাপত্র প্রতিস্বাক্ষরের পর তা শুধুমাত্র দাপ্তরিক চ্যানেলে সীলগালাযুক্ত অবস্থায় যথাসময়ে অর্থাৎ অনধিক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে) ক্রয়কারীর দপ্তরে না পৌঁছালে তার বিপরীতে ক্রয় প্রক্রিয়া গ্রহণ না করে সংশ্লিষ্ট ডিডিও বরাবরে ফেরত প্রদান করতে হবে;

(৩) বিশেষ চাহিদাপত্রের বিপরীতে ক্রয়/সংগ্রহ প্রক্রিয়া করে নির্ধারিত অর্থবছরের মধ্যে চুক্তি সম্পাদন করার স্বার্থে প্রত্যেক অর্থ বছরের শুরুতে (১ম কোয়ার্টারের মধ্যে) বাজেট বরাদ্দ নিশ্চিত হয়ে বিভাগীয় প্রধানের প্রতিস্বাক্ষরিত বিশেষ চাহিদাপত্র আরপিও ২৪৭-সি অনুযায়ী সংশ্লিষ্ট ক্রয়কারীর দপ্তরে দাখিল করতে হবে;

-:চলমান:-



সিএসটিই (টেলিকম) এর দপ্তর
অতিঃ সিএসটিই (টেলিকম)
ডি এসটিই (টেলিকম) সদর
ডিই (টেলিকম)
ডিই (সিগন্যাল), এই (আইটি)
এসএসএই/সার্ভে/প্লান, টেলিকম
ডায়েরী নং ৫৮৭২ তারিখ ৪/৪/২৪

(৪) বিশেষ চাহিদাপত্রের বিপরীতে ক্রয়/সংগ্রহ কার্যক্রম সংশ্লিষ্ট অর্থবছেরে সম্পন্ন করা সম্ভব না হলে পরবর্তী অর্থবছরে ক্রয়/সংগ্রহ প্রক্রিয়া শুরু করার প্রাক্কালে সংশ্লিষ্ট ডিডিও/ চাহিদাপত্র প্রেরণকারীর সাথে যোগাযোগ করে বর্তমান প্রয়োজনীয়তা নিশ্চিত হতে হবে;

(৫) লোকোমোটিভের খুচরা যন্ত্রাংশের ক্ষেত্রে বিভাগীয় প্রধানের প্রতিস্বাক্ষরিত চাহিদাপত্র ইনভেন্টরি কন্ট্রোল সেল (আইসিসি) এর মাধ্যমে প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক বরাবর এবং অন্যান্য ক্ষেত্রে আরপিও ২৪৭-সি অনুযায়ী সংশ্লিষ্ট ক্রয়কারীর দপ্তরে সরাসরি প্রেরণ করতে হবে; এবং

(৬) লোকোমোটিভের খুচরা যন্ত্রাংশের ক্ষেত্রে বিভাগীয় প্রধানের প্রতিস্বাক্ষরিত চাহিদাপত্র ইনভেন্টরি কন্ট্রোল সেল (আইসিসি) এর মাধ্যমে প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক বরাবর এবং অন্যান্য ক্ষেত্রে আরপিও ২৪৭-সি অনুযায়ী সংশ্লিষ্ট ক্রয়কারীর দপ্তরে সরাসরি প্রেরণ করতে হবে;

**(গ) আরপিও ২৪৭-সি এর অনুচ্ছেদ ৫ মোতাবেক নিম্নবর্ণিত বিশেষ প্রাধিকার প্রযোজ্য হবেঃ,**

(১) GB-8 শ্রেণিভুক্ত: অমজুদী দফা আসবাবপত্র এবং ক্রোকারীজ ইত্যাদি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান তাঁর বিভাগের চাহিদা মোতাবেক ক্রয়/ সংগ্রহ করবেন; তবে মজুদী দফার ক্ষেত্রে উপরিউক্ত ছকে বর্ণিত ক্রয়/সংগ্রহ প্রাধিকার প্রযোজ্য হবে।

(২) GB-9 শ্রেণিভুক্ত: অমজুদী দফা কাপড়-চোপড়, পোষাক-পরিচ্ছদ, অগ্নি নির্বাপক টুলস এবং ইকুইপমেন্ট, ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান তাঁর বিভাগের চাহিদা মোতাবেক ক্রয়/ সংগ্রহ করবেন; তবে স্বাস্থ্য-সুরক্ষা সামগ্রী সংশ্লিষ্ট অঞ্চলের মেডিকেল বিভাগের মাধ্যমে সংগ্রহ করতে হবেএবং মজুদী দফার ক্ষেত্রে উপরিউক্ত ছকে বর্ণিত ক্রয়/সংগ্রহ প্রাধিকার প্রযোজ্য হবে।

(৩) GB-11 শ্রেণিভুক্ত: অমজুদী দফা স্বল্প মূল্যের এবং বাজারে সহজ লভ্য স্টেশনারী আইটেম যেমন: কাগজ টোনার, কার্টিজ, ইত্যাদি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান তাঁর বিভাগের চাহিদা মোতাবেক ক্রয়/ সংগ্রহ করবেন। তবে অধিক পরিমাণে ক্রয়ের ক্ষেত্রে উপরিউক্ত ছকে বর্ণিত ক্রয়/সংগ্রহ প্রাধিকার প্রযোজ্য হবে।

(৪) ICT শ্রেণিভুক্ত: অমজুদী দফা স্বল্প মূল্যের আইসিটি পণ্য যেমন: কম্পিউটার যন্ত্রাংশ, প্রিন্টার, ডকুমেন্ট স্ক্যানার, ফটোকপিয়ার, সিসিটিভি ইত্যাদি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান তাঁর বিভাগের চাহিদা মোতাবেক ক্রয়/ সংগ্রহ করবেন। তবে, জটিল এবং অধিক মূল্যের আইসিটি পণ্য, সফটওয়্যার এবং হার্ড ওয়্যার, সার্ভিল্যান্স সিস্টেম, বডি এবং লাগেজ স্ক্যানার সিস্টেমস/ সলিউশনস এর ক্ষেত্রে আরপিও ২৪৭-সি এর অনুচ্ছেদ ২ এ বর্ণিত ক্রয়/সংগ্রহ প্রাধিকার প্রযোজ্য হবে।

(৫) অন্যান্য: লাঠি, বাঁশি, পতাকা, রশি, তালা-চাবি, ঝাড়ু, ডাস্ট-বিন, গাড়ীর টায়ার-টিউব, গাড়ী মেরামত কাজসহ স্থানীয় বাজারে সচরাচর প্রাপ্তিযোগ্য অন্যান্য স্বল্পমূল্যের আইটেমের মজুদীকরণ মঞ্জুরী আরপিও-২৪৯ (তারিখ: ০১/০৩/২০২২) মোতাবেক মঞ্জুরী বাতিল ঘোষণা করতে হবে। স্টকিং ডিপোর বর্তমান মজুদ নিঃশেষ হওয়া সাপেক্ষে এ সকল অমজুদী আইটেম সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান তাঁর বিভাগের চাহিদা মোতাবেক ক্রয়/ সংগ্রহ করবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোহাম্মদ নাজমুল ইসলাম)
মহাব্যবস্থাপক (পূর্ব)
বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।

নং- ৫৪.০১.১৫০০.১১৭.২২.০০১.২২-০৪

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০ / ০১ এপ্রিল ২০২৪ ।

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

সদয় অবগতি ও অধীন দপ্তরসমুহকে অবহিতকরণ ও পরিপালন নিশ্চিতকরণের ব্যবস্থাগ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
২। প্রধান যান্ত্রিক প্রকৌশলী (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
৩। প্রধান প্রকৌশলী(পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
৪। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
৫। প্রধান বাণিজ্যিক কর্মকর্তা (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
৬। প্রধান পরিচালন তত্ত্বাবধায়ক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
৭। প্রধান বৈদ্যুতিক প্রকৌশলী (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
৮। সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
৯। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
১০। প্রধান কমান্ডেন্ট (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
১১। প্রধান সংস্থাপন কর্মকর্তা (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
১২। বিভাগীয় তত্ত্বাবধায়ক (কারখানা), বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম।
১৩। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ঢাকা।

০১/০৪/২০২৪

(প্রকৌ. মোঃ আনোয়ারুল ইসলাম)
সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব)
(অতিঃ দায়িত্ব)
☎ ০১৭১১৬৯১৬৫২।
✉ cose@railway.gov.bd

নং- ৫৪.০১.১৫০০.১১৭.২২.০০১.২২-০৪

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০ / ০১ এপ্রিল ২০২৪ ।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

২। অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক/অবকাঠামো/অপারেশন/উন্নয়ন/অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৩। রেক্টর, রেলওয়ে প্রশিক্ষণ একাডেমি, হালিশহর, চট্টগ্রাম।

৪। প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম।

৫। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৬। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৭। সরঞ্জাম নিয়ন্ত্রক (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী

৮। পরিচালক (ইনভেন্টরি কন্ট্রোল/সংগ্রহ), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ঢাকা।

০১.০৪.২০২৪

(প্রকৌ. মোঃ আনোয়ারুল ইসলাম)
সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব)
(অতিঃ দায়িত্ব)
☎ ০১৭১১৬৯১৬৫২।
✉ cose@railway.gov.bd

-:সমাপ্ত:-